শেখ হাসিনার উদ্যোগ

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোষ্ট কোড নং-৬৭০০

ISO 9001:2015 certified

সরাসরি-০৭৫১-৬২৮৪৫
E-Mail-sirajganjpbs2@gmail.com
Web : www.pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০১.০৪৭.২৩.৪১১২

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিলাম বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বাপবিবোর্ড কর্তৃক কনডেম ঘোষিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য নিম্নবর্ণিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে নিলাম দরপত্রের সিডিউল সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | নিলাম দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্তকরণের স্থান | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ০১ | হার্ডওয়্যার মালামাল লৌহ ও স্টিল জাতীয় (স্টিল পোল ব্যতীত) | ১১,৬৭৩.০৬ কেজি | ১০০০.০০ টাকা | দাখিলকৃত মূল্যের ২৫% | (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (২) সিরাজগঞ্জ পবিস-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ | তারিখঃ ০৯/০৮/২৩ খ্রি. হতে ২২/০৮/২৩ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়) | তারিখঃ ২৩/০৮/২৩ খ্রি. রোজ বুধবার । বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত। | তারিখঃ ২৩/০৮/২৩ খ্রি. রোজ বুধবার। বেলা ১১:৩৫ ঘটিকায়। |
| ০২ | এক ফেজ মিটার (এনালগ) | ১১,৬১৪ টি | | | | | | |
| ০৩ | এক ফেজ মিটার (ডিজিটাল) | ৯,৬৬২ টি | | | | | | |
| ০৪ | তিন ফেজ মিটার (ডিজিটাল) | ৫৩৯ টি | | | | | | |
| ০৫ | প্লাস্টিক ববিন | ৭০ টি | | | | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ০৪ নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ উল্লেখিত সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে সিরাজগঞ্জ পবিস-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২। আগামী **২৩/০৮/২০২৩** তারিখ বেলা ১১.৩০ টার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নিলাম দরপত্র একইদিন অর্থাৎ **২৩/০৮/২০২৩** তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিসযোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩। **নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক দর ও উদ্ধৃত মোট দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে।** মোট উদ্বৃত্ত দর অংকে ও কথায় লিখতে হবে। নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রতিটি মালামালের ক্ষেত্রে সমিতি কর্তৃক নির্ধারিত প্রাক্কলিত একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

০৪। **নিলাম দরদাতাকে দর দাখিলের ক্ষেত্রে অবশ্যই সকল আইটেমেরই দর দাখিল করতে হবে। কোন একক আইটেমের দর বিবেচনা করা হবে না। দাখিলকৃত প্রতিটি মালামালের দর একত্রিত করে মোট মূল্য নির্ধারণ করা হবে। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ নিলামদরদাতার দরকে সর্বোচ্চ দরদাতা হিসেবে গণ্য করা হবে।** সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **"সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অনুপযোগী মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলাম দরপত্র"** কথাটি লিখতে হবে। দরপত্রে কোন কাটা ছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৫। নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে **"সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২"** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬। কৃতকার্য নিলাম দর দাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার/ ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর আলাদাভাবে জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮। আগ্রহী দরদাতাগণ মালামালসমূহ ২২/০৮/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করতে পারবেন।

০৯। **বাপবিবোর্ড কর্তৃক কনডেম ঘোষিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)** সমূহ অপসারণের সময় সমিতির বা অন্য কোন স্থানের কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।

১০। উল্লিখিত শর্ত বর্হিভুত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১। সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট https://pbs2.sirajganj.gov.bd এ দেখতে পারবেন।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

(অখিল কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**<u>অনুলিপিঃ</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তর/বিভাগ এর নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..........................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কাজিপুর/বেলকুচি/কামারখন্দ/চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, বগুড়া।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী)/বেলকুচি/কাজিপুর জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
০৯। এজিএম, কামারখন্দ/পিপুলবাড়ীয়া/তামাই সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/মানব সম্পদ), সিরাজগঞ্জ পবিস-২।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), সিরাজগঞ্জ পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১২। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১৩। অফিস/মাস্টার কপি।

(অখিল কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

\\deo-boby\D\Boby Akter\Admin\01.038\Nilam.docx